বাংলা ব্লকেড : তীব্র যানজটের মুখে নগরবাসী , দুর্ভোগে হাজারো মানুষ

চেম্বার ডেস্ক : সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিলের দাবিতে সকাল-সন্ধ্যা সিলেট সারাদেশে 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। সিলেটে বৃষ্টি উপেক্ষা করে কোটা পদ্ধতির বাতিলের এক দফা দাবিতে সড়ক অবরোধ করে অবস্থান কর্মসূচি পালন করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

বুধবার (১০ জুলাই) দুপুর বারটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন সিলেট-সুনামগঞ্জ সড়কে অবরোধ করে এ কর্মসূচি পালন করেন তারা।

এসময় তীব্র যানজটের মুখে পড়েছেন নগরবাসী। রাস্তায় দুইপাশে দীর্ঘ যানজট সৃষ্টি হয়। বৃষ্টির মাঝে দুর্ভোগে পড়েন হাজারো মানুষ। আন্দোলনকারীরা বলেন, 'যে বৈষম্য থেকে মুক্তির জন্য দেশ স্বাধীন হয়েছে, সেই বৈষম্য দূর করার জন্যই আমরা আজ বৃষ্টির মধ্যে আন্দোলনে নেমেছি। কোটা পদ্ধতির কারণে অযোগ্য লোকেরা গুরুত্বপূর্ণ জায়গায় যাচ্ছে। এতে যোগ্যতাসম্পন্নরা তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। যার ফলে দেশে দুর্নীতি-অনিয়ম বেড়েই যাচ্ছে।' এদিকে সরকারি চাকরির প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে কোটা পদ্ধতি বাতিলের পরিপত্র 'অবৈধ' ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের ওপর একমাসের স্থিতাবস্থা দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। তবে, শিক্ষার্থীদের দাবি কোটা পদ্ধতির পুরোপুরি বাতিল করতে হবে। দাবি আদায় না হওয়ার পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার হুশিয়ারি দেন তারা।